‘জন্মদিনেও স্টেজে নাচবেন অপু’

ডেস্ক রিপোর্ট
নিউজবিডি৭১ডটকম
ঢাকা: চিত্রনায়িকা অপু বিশ্বাস। ঢাকাই ছবির অন্যতম জনপ্রিয় নায়িকা তিনি। আজ এ নায়িকার জন্মদিন। নায়িকা হবার পর অন্যান্য বছরের চেয়ে এবারের জন্মদিন যেন একটু বেশিই ব্যস্ততায় কাটছে বলে জানালেন অপু বিশ্বাস। বিশেষ দিনের শুরুর প্রহরেই সন্তান আব্রাম খান জয়কে সঙ্গে নিয়ে জন্মদিনের কেক কাটেন তিনি।

এরপর রাত থেকেই সবার শুভেচ্ছায় ভাসছেন এ নায়িকা। সামাজিক যোগযোগ মাধ্যমেও তাকে সবাই উইশ করে পোস্ট করছেন। বিকেলে অপু ভক্তরা প্রিয় নায়িকাকে নিয়ে কেক কাটার আয়োজন করেছেন বলে সমকাল অনলাইনকে জানালেন এ নায়িকা।

এক সময় অপু বিশ্বাস জন্মদিনেও চলচ্চিত্রের শুটিং নিয়ে ব্যস্ত থাকতেন। এখন সময় বদলেছে। হাতে আগের মতো চলচ্চিত্রের শুটিং ব্যস্ততা নেই। তাই স্টেজ শো করেই ব্যস্ত সময় কাটান এ নায়িকা। তার ধারাবাহিকতায় বিশেষ এ দিনটিতেও স্টেজ শো’তে নাচার শিডিউল দেয়া অপুর।

দিনভর জন্মদিনের আয়োজন শেষে সন্ধ্যায় ইভান শাহরিয়ার সোহাগের কোরিগ্রাফিতে চিত্রনায়ক ফেরদৌসের সঙ্গে রাজধানীর ইঞ্জিনিয়ার ইনস্টিটিউসনে একটি অনুষ্ঠানে পারফর্ম করবেন বলে জানান অপু বিশ্বাস।

নিউজবিডি৭১/আ/অক্টোবর ১১, ২০১৮